Times Today BD

সিনিয়র রিপোর্টার | বাংলাদেশ | 29 May, 2025

বঙ্গোপসাগরে সৃষ্ট নিম্নচাপটি গভীর নিম্নচাপে পরিণত হতে যাচ্ছে।এটি আজ বৃহস্পতিবার (২৯ মে) বিকেলে বাংলাদেশ উপকূল অতিক্রম করবে। ভারতীয় আবহাওয়া বিভাগ (আইএমডি) সর্বশেষ আপডেটে এ তথ্য জানিয়েছে।

সংস্থাটি বলেছে, গতকাল বুধবার বঙ্গোপসাগরে নিম্নচাপটি সৃষ্টি হয়।এটি আজ ভোর ৫টা ৩০ মিনিট পর্যন্ত বঙ্গোপসাগরের উত্তরপূর্ব দিকে অবস্থান করছিল যা বাংলাদেশ ও ভারতের পশ্চিমবঙ্গ উপকূলের কাছাকাছি।

নিম্নচাপটি গভীর নিম্নচাপে পরিণত হয়ে পশ্চিমবঙ্গের সাগরদ্বীপ এবং বাংলাদেশের খেপুপাড়া দিয়ে বৃহস্পতিবার বিকেলে উপকূল অতিক্রম করবে। যার প্রভাবে ভারী বৃষ্টিপাত, বজ্রপাত এবং ৩০ থেকে ৪০ কিলোমিটার বেগে বাতাস বইবে বলে সতর্কতা দেয় ভারতীয় আবহাওয়া বিভাগ।

সাগরে সৃষ্ট নিম্নচাপটির প্রভাব ইতিমধ্যে বাংলাদেশের প্রায় সব জায়গায় পরিলক্ষিত হচ্ছে। দেশের প্রতিটি জায়গায় ভারী বৃষ্টিপাত হচ্ছে।

পশ্চিমবঙ্গ ছাড়াও ভারতের উত্তরপূর্বাঞ্চলীয় রাজ্যের আসাম, মেঘালয়, নাগাল্যান্ড, মণিপুর, মিজোরাম এবং ত্রিপুরাতেও ভারী থেকে অতি ভারী বৃষ্টির পূর্বাভাস দিয়েছে ভারতীয় আবহাওয়া বিভাগ।

বৈরী আবহাওয়ায় ঢাকা থেকে ৩ রুটের নৌযান চলাচল বন্ধ ঘোষণা

নিম্নচাপের প্রভাবে নদীগুলোতে বিপদসংকুল পরিস্থিতি তৈরি হওয়ায় যাত্রীদের নিরাপত্তার স্বার্থে ঢাকা থেকে ৩ রুটের নৌযান চলাচল বন্ধ ঘোষণা করা হয়েছে।এগুলো হলো– হাতিয়া, বেতুয়া ও খেপুপাড়া। একইসাথে সব উপকূলীয় এলাকার আশপাশের এলাকা ও নদীবন্দরগুলোতেও এখন নৌযান চলাচল বন্ধ রাখতে বলা হয়েছে। বৃহস্পতিবার (২৯ মে) দুপুরে বাংলাদেশ অভ্যন্তরীণ নৌপরিবহন কর্তৃপক্ষের (বিআইডব্লিউটিএ) ঢাকা নদীবন্দরের (সদরঘাট) যুগ্ম-পরিচালক মুহম্মদ মোবারক হোসেন  এ তথ্য জানিয়েছেন।

তিনি বলেন, সাগরে নিম্নচাপের প্রভাবে সমুদ্রে ও নদী বন্দরগুলোতে সতর্কতা সংকেত বহাল রয়েছে।অন্য স্বাভাবিক সময়ের তুলনায় নদীগুলো উত্তাল রয়েছে।তাই যাত্রীদের নিরাপত্তার স্বার্থে ঢাকা থেকে হাতিয়া, ঢাকা থেকে বেতুয়া বা আয়শাবাগ, এবং ঢাকা থেকে খেপুপাড়া নৌরুটের লঞ্চ ও নৌযান চলাচল পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত বন্ধ রাখা হয়েছে।পাশাপাশি এক ইঞ্জিন বিশিষ্ট নৌযানের চলাচলের ক্ষেত্রেও নিষেধাজ্ঞা দেওয়া হয়েছে।

আবহাওয়া পরিস্থিতি স্বাভাবিক হলে পরবর্তী সময়ে নৌযান চলাচল বন্ধের নিষেধাজ্ঞা তুলে নেওয়া হবে বলে জানিয়েছেন তিনি।

ঘূর্ণিঝড় বিশ্ব সংবাদ বৃষ্টি আবহাওয়ার খবর ভারত

---

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 27 June, 2025 02:14

URL: https://www.timestodaybd.com/public/bangladesh/7295493122